দৈনিক খবর 5

তারিখ 05 AUG 1993
পৃষ্ঠা ১ কলাম ৭

# ইসলামী বিশ্ববিদ্যালয় ফের বন্ধ ঘোষণা

● কুষ্টিয়া ব্যুরো থেকে মতিউর রহমান লান্টু ● কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। গত ৫ই জুলাই ক্যাম্পাসে ছাত্রদল ও শিবিরের সংঘর্ষে ৬ জন শিক্ষকসহ ২৫ জন ছাত্র আহত হওয়ার পর থেকে বিশ্ববিদ্যালয় শিবিরের সন্ত্রাসীদের দখলে চলে যায়। বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক পরিবেশ না ফিরে আসায় কর্তৃপক্ষ গত ২৫শে জুলাই থেকে ৫ই আগস্ট পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করেছিলেন।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছেন, পরিস্থিতি স্বাভাবিক না হয়ে আরো অবনতি ঘটায় সিন্ডিকেট এক সভায়

২–এর পাতা ২য় কঃ দেখুন

## ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে। বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করায় সর্বদলীয় ছাত্র ঐক্যের শাহজাহান আলম সাজু, আবদুর রশিদ বকুল, আকমল হোসেন, খন্দকার ইকবাল মাহমুদ এবং জাতীয়তাবাদী ছাত্রদলের আহবায়ক জগলুল হায়দার ও যুগ্ম আহবায়ক শহিদুল্লাহ শহীদ পৃথক বিবৃতিতে তীব্র নিন্দা জানিয়ে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেবার দাবী করেছেন এবং সেই সাথে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষা নিয়ে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি আবদুল হামিদকে পদত্যাগের পরামর্শ দিয়েছেন।